দৈনিক
ইত্তেফাক

তারিখ: 26 APR 2018
পৃষ্ঠা: ১ কলাম: ৭

# স্থায়ী ক্যাম্পাসে যেতে আরো সময় চায় ১১ বিশ্ববিদ্যালয়

**ছয়বার সময় বাড়ালেও অনেক বিশ্ববিদ্যালয়ের অনীহা**

■ নিজামুল হক

আইন না মানা এবং দীর্ঘ সময় দেওয়ার পরও স্থায়ী ক্যাম্পাসে যেতে ব্যর্থ ১১ টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বন্ধ করতে চায় শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় বলছে, এগুলোর মধ্যে অনেকেই স্থায়ী ক্যাম্পাসে যেতে কার্যকর কোনো উদ্যোগই গ্রহণ করেনি। অন্যদিকে স্থায়ী ক্যাম্পাসে যেতে আরো সময় চায় অন্যান্য বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের মালিকরা বেসসরকারি বিশ্ববিদ্যালয় মালিকদের সংগঠনের মাধ্যমে আবারো পর্যাপ্ত সময় দাবি করে আবেদন করেছেন।

১১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১০টি বিশ্ববিদ্যালয় সময় চেয়ে আবেদন করেছে। এ আবেদনগুলো পর্যালোচনা করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান বলেন, মন্ত্রণালয় থেকে তালিকা পেয়েছেন। পর্যালোচনা করে মতামত দেওয়া হবে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর আবেদন পর্যালোচনা করে দেখা গেছে, তেজগাঁও শিল্প এলাকার সাউথ ইস্ট ইউনিভার্সিটি স্থায়ী ক্যাম্পাসে যেতে আরো এক বছর সময় চেয়েছে। জমি তেজগাঁও শিল্প এলাকার হওয়ায় বহুতল ভবন অনুমোদনের ক্ষেত্রে আইনি জটিলতার কারণে সময় লাগছে বলে তারা দাবি করেন।

স্টামফোর্ড ইউনিভার্সিটি আরো তিন বছর সময় চেয়েছে। বিশ্ববিদ্যালয়টি জানিয়েছে, ঢাকা জেলার নবাবগঞ্জে সাড়ে ৪ একরের বেশি জমি ক্রয় করেছে। নির্মাণ কাজ শুরুর অনুমোদন অপেক্ষায় আছে। এ কারণে নির্মাণ কাজ শেষ করতে আরো তিন বছর পৃষ্ঠা ১৫ কলাম ৪

## স্থায়ী ক্যাম্পাসে

প্রথম পৃষ্ঠার পর

সময়ের প্রয়োজন। বাংলাদেশ ইউনিভার্সিটি জুন মাসের মধ্যে স্থায়ী ক্যাম্পাসে যেতে পারবে বলে জানিয়েছে।

রয়েল ইউনিভার্সিটি এখনও জমি হস্তান্তর প্রক্রিয়াই শেষ করতে পারেনি। তারা জানিয়েছে, ট্রাস্টের নিজস্ব ৩৩ কাঠা জমি বিশ্ববিদ্যালয়ের নামে হস্তান্তরের প্রক্রিয়া চলছে। যথাযথ অনুমোদন ও রেজিস্ট্রি কাজ শেষ করে নির্মাণ কাজ শুরু করা হবে। পূর্ণাঙ্গ স্থায়ী ক্যাম্পাসে যেতে আরো ৪ বছর সময় চেয়ে ভিক্টোরিয়া ইউনিভার্সিটি বলেছে, ২০২২ সালের ডিসেম্বরের মধ্যে পূর্ণাঙ্গ কার্যক্রম স্থায়ী ক্যাম্পাসে শুরু হবে।

স্টেট ইউনিভার্সিটি জানিয়েছে, প্রথম পর্যায়ের প্রায় ২৫ হাজার বর্গফুটের স্টীল স্ট্রাকচার ভবন নির্মাণাধীন। চলতি বছরের মে মাসের মধ্যে শেষ হবে।

স্থায়ী ক্যাম্পাসে যেতে আরো চার বছর সময় চেয়েছে প্রাইম এশিয়া ইউনিভার্সিটি। ড্যাপ রিভিউ কমিটির আওতামুক্ত করার অনুমতি পেলে নির্মাণ কাজ শুরু করা যাবে বলে জানিয়েছে তারা।

ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া বলেছে, ঢাকা-আরিচা সড়কে ১২০ শতাংশ জমি ক্রয় করা হয়েছে। ৪টি ১০ তলা ভবনের নকশা প্রণয়ন করা হয়েছে। নিজস্ব ক্যাম্পাসে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের কার্যক্রম শুরু হয়েছে। স্থায়ী ক্যাম্পাসে যেতে আরো ৫ বছর সময় চেয়েছে আশা ইউনিভার্সিটি। তারা বলেছে, স্থায়ী ক্যাম্পাসের ভবন নির্মাণের জন্য এখনো ছাড়পত্র পাওয়া যায়নি।

আরো ৫ বছর সময় চেয়েছে ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ (ইউডা)। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ছাড়পত্র না পাওয়ায় নির্ধারিত সময়ে স্থাপনা নির্মাণ সম্ভব হয়নি।

ইউজিসি জানিয়েছে, ২০১০ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের আগে ৫১টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়। এই ৫১টি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এ বলা হয়েছে, 'এই আইনে যাই থাকুক না কেন এই আইন কার্যকর হবার পূর্বে সাময়িক অনুমতিপ্রাপ্ত কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে সনদ গ্রহণপূর্বক স্থায়ী না হইয়া থাকিলে এই আইন কার্যকর হবার পর উক্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়কে সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ধারা ৯ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে সনদপত্র গ্রহণ করিতে হইবে।